

AP-2  
24/5/14

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।  
( [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) )

বিজ্ঞপ্তি

নং-৮০.১০১.০১১.০০.০০০৪৯.২০১৪. ২৭০

তারিখ : ২৪/০৫/২০১৬ খ্রিঃ।

বিষয় : লিখিত পরীক্ষা অনুষ্ঠান প্রসংগে।

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সড়ক ও জনপথ অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) পদের যোগ্য প্রার্থীদের ৩ ঘণ্টা ব্যাপী ২০০ নম্বরের লিখিত পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রে উল্লিখিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে :

কেন্দ্রের নাম	পরীক্ষার তারিখ ও সময়	পদের নাম	প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর
মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয় মোহাম্মদপুর, ঢাকা।	১০/০৬/২০১৬খ্রিঃ সকাল ৯ টা থেকে ১২ টা	উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)	০০০০০১ থেকে ০০১৯৭৩ = ১৭৪৪ জন।

লিখিত পরীক্ষা সম্পর্কিত গুরুত্বপূর্ণ নির্দেশাবলী :

- প্রার্থীদের একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থীগণ বাংলা-৫০, ইংরেজী-৫০, সাধারণ জ্ঞান-৪০ এবং সংশ্লিষ্ট টেকনিক্যাল বিষয়ের ৬০ নম্বরের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করবেন। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে। হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হওয়া বাঞ্ছনীয়। এই পরীক্ষাটি লিখোকোড পদ্ধতিতে অনুষ্ঠিত হবে বিধায় উত্তরপত্রের ১ম পৃষ্ঠায় লিখোকোডের একটি কম্পিউটার ফরম যুক্ত থাকবে।
- পরীক্ষার নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার পর ১ ঘণ্টার মধ্যে কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করা নিষিদ্ধ।
- পরীক্ষা কক্ষে বই-পুস্তক, ব্যাগ, মোবাইল ফোন বা কোন প্রকার যোগাযোগ যন্ত্র আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষা হলে এবং গেটে মোবাইল ফোনের জন্য বিশেষ তল্লাশী অভিযান পরিচালনা করা হবে। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোন প্রার্থীর সাথে মোবাইল ফোন পাওয়া গেলে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত যে কোন নিয়োগের পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে। ক্যালকুলেটর আনা যাবে, তবে সাইন্টিফিক ক্যালকুলেটর নয়।
- প্রার্থীদের লিখিত পরীক্ষার প্রবেশপত্র ইতোমধ্যে ডাকযোগে প্রেরণ করা হয়েছে। কোন প্রার্থী প্রবেশপত্র না পেয়ে থাকলে কিংবা প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে অথবা যুক্তি সঙ্গত কারণে বিনষ্ট হলে সংশ্লিষ্ট থানায় জি,ডি করে তার কপিসহ আগামী ০৮ জুন ২০১৬ তারিখে ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ পরিচালক (ইউনিট-১) থেকে অফিস চলাকালীন সময়ে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।
- কোন প্রার্থীর আবেদনপত্রে গুরুতর ( Substantive) ত্রুটি ধরা পড়লে পরীক্ষার আগে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে। ইতোমধ্যে কিছু প্রার্থীর প্রার্থিতা বিভিন্ন কারণে বাতিল করা হয়েছে যা কমিশনের ওয়েব সাইটে পাওয়া যাবে। যে সকল প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হয়েছে তাঁদের পরীক্ষায় অংশ গ্রহণ না করার জন্য অনুরোধ করা যাচ্ছে। প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না।
- পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী কমিশনের ওয়েব সাইটে ([www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd)) পাওয়া যাবে।

পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন

চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে

২৪/৫/১৬

(শেখ শাখাওয়াৎ হোসেন)

পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), (যুগ্ম-সচিব)।